

11969 - জুমার নামায চলাকালে বেহুশ হয়ে পড়া ব্যক্তিকে চিকিৎসা দেয়া

প্রশ্ন

জুমার নামায চলাকালে আমার কাছাকাছি এক মুসল্লি অজ্ঞান হয়ে পড়ে যায়।.... আমার প্রশ্ন হলো: এই মূহূর্তে আমাদের কি করা বাঞ্ছনীয়? আমরা কি অন্যদেরকে জানাব এবং তাদের কাছ থেকে সাহায্য চাইব; নাকি আমরা নামায শেষ হওয়া পর্যন্ত অপেক্ষা করব?

প্রিয় উত্তর

এর হুকুম নির্ভর করবে আক্রান্ত মুসল্লির অবস্থাভেদে: যদি আপনারা নামায শেষ করা পর্যন্ত অপেক্ষা করলে তিনি ক্ষতিগ্রস্ত হন তাহলে আপনারা তাকে গুরুত্ব দেয়ার জন্য নামায ছেড়ে দিবেন। আর যদি আপনারা নামায শেষ করা পর্যন্ত অপেক্ষা করলে তিনি ক্ষতিগ্রস্ত না হন তাহলে আপনারা নামায শেষ করে তাকে গুরুত্ব দিবেন। আল্লাহই সর্বজ্ঞ।

শাইখ আব্দুল্লাহ আল-গাদইয়ানের ফতোয়া।

এ ধরনের পরিস্থিতিতে নামায শেষ করা পর্যন্ত অপেক্ষা করলে রোগীর ক্ষতিগ্রস্ত হওয়া বা না-হওয়ার ক্ষেত্রে আপনারা প্রবল ধারণার ভিত্তিতে সিদ্ধান্ত নিবেন। আল্লাহই সর্বজ্ঞ।